যায়যায়দিন

14 AUG 2008

# তদন্তে ধরা পড়েছে ফেনী কলেজের দুর্নীতি

ফেনী প্রতিনিধি

ফেনী সরকারি কলেজে ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও অর্থ আত্মসাতের প্রমাণ পেয়েছে তদন্ত কমিটি। অবৈধভাবে শিক্ষার্থীদের কাছ থেকে বাড়তি টাকা আদায় ও সরকারি অর্থ লুটপাটের দায়ে অধ্যক্ষ প্রফেসর আবদুর রবসহ জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে তিন সদস্যের তদন্ত কমিটি।

কলেজ সূত্র জানায়, ফেনী কলেজের বর্তমান অধ্যক্ষ প্রফেসর আবদুর রব কলেজে যোগদানের পর থেকে গত দুই বছরে বেশ কয়েকটি অনিয়ম-দুর্নীতির অভিযোগ ওঠে। অধ্যক্ষ ছাড়াও উপাধ্যক্ষ আবদুর রউফসহ বেশ কয়েক শিক্ষক এর সঙ্গে জড়িত বলে জানা যায়। এ নিয়ে বিভিন্ন পত্রিকায় রিপোর্ট ছাপা হয়। এর প্ররিপ্রেক্ষিতে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের যুগ্ম পরিচালক আবদুল হামিদ সরকার, উপপরিচালক মোঃ আবদুল মজিদ ও অডিটর মোঃ ফারুক গাজীর সমন্বয়ে গঠিত তিন সদস্যের তদন্ত কমিটি এসব অভিযোগের তদন্ত করে।

তদন্ত রিপোর্টে বলা হয়, কলেজে ছাত্র সংসদ খাতে ২৫ টাকার স্থলে ৭৫ টাকা, লাইব্রেরি ২৫ টাকার স্থলে ৪০ টাকা, ল্যাবরেটরি ১০০ টাকার স্থলে ২০০ টাকা হারে মাথাপিছু আদায় হয়। এছাড়া কলেজ কর্তৃপক্ষ নিজেরাই বেশ কিছু খাত সৃষ্টি করে। যেমন কলেজ রক্ষণাবেক্ষণ ৩০ টাকা, কর্মচারী কল্যাণ ১৫ টাকা, পাঠ উন্নয়ন ৭৫ টাকা, যাতায়াত ৬০ টাকা, বিবিধ ১০০ টাকা, মনোগ্রাম ১৫ টাকা ও কম্পিউটার শিক্ষাবাবদ ৫০০ টাকা আদায় করা হয়। এছাড়া অধ্যক্ষ বিভিন্ন খাত থেকে মোটা অঙ্কের টাকা লোপাট করেছেন বলেও রিপোর্টে উল্লেখ করা হয়। তিনি চলতি বছর দ্বাদশ শ্রেণীর প্রাক-নির্বাচনী পরীক্ষায় ৬ হাজার ৬৪৫ টাকা, নির্বাচনী পরীক্ষায় ৭ হাজার ২৮৭ টাকা, উচ্চ মাধ্যমিকের ফরম পূরণে ১৪ হাজার ৬৯১ টাকা গ্রহণ করেন। দুই বছরে তিনি ৬৪ বার এরূপ সম্মানী গ্রহণ করেন।